

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৬.১১

তারিখ: ০৫-০২-২০২৬ খ্রি:।

বিষয়: ইকো ট্রেন্ড গার্মেন্টস লিমিটেড নামক কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রসঙ্গে।


সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১১০, তারিখ ২৭-০১-২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইকো ট্রেন্ড গার্মেন্টস লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং- আই-১৫৫, হরিণাচালা পারিজাত, কোনাবাড়ী, গাজীপুর। নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর আরএমজি/ইএক্সপি/এল/০০০১৪৫৯-২৬, তারিখ: ১১-০১-২০২৬ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব = ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব = ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা নির্ধারণ করে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ইকো ট্রেন্ড গার্মেন্টস লিমিটেড নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব = ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব = ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা নির্ধারণ করে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।



০৯-০২-২০২৬

মোহাম্মদ আলম রেজা  
উপ পরিচালক (উন্নয়ন)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৬.১১ (৫)

তারিখ: ২৬ মাঘ ১৪৩২  
০৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- (২) এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- (৩) সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- (৪) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), প্লট নং-২, গরীব-ই- নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
- (৫) ব্যবস্থাপনা পরিচালক, ইকো ট্রেন্ড গার্মেন্টস লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং- আই-১৫৫, হরিণাচালা, পারিজাত, কোনাবাড়ী,

গাজীপুর।



A handwritten signature in black ink, appearing to be 'M. M. Khan'.

মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক (উন্নয়ন)